

# এইচএসসি সমমান পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত বহাল

নিজস্ব প্রতিবেদক

২২ আগস্ট ২০২৪, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদেশময়



পরীক্ষার্থীদের দাবির মুখে এইচএসসি ও সমমানের স্থগিত পরীক্ষাসমূহ বাতিলের সিদ্ধান্ত নিয়ে নানারকম প্রতিক্রিয়ার মধ্যে গতকাল শিক্ষা উপদেষ্টা ও যাহিদউদ্দিন মাহমুদ জানিয়েছেন, এ সিদ্ধান্ত বহাল থাকছে। এইচএসসির মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করছে শিক্ষা বোর্ড। তিনি আরও জানান, উপাচার্যদের নিয়োগ সম্পর্ক হওয়ার পর সরকারি বিশ্ববিদ্যালয়গুলো একাডেমিকভাবে সচল হবে। শিক্ষার্থীদের কাছে গ্রহণযোগ্যতা রয়েছে এমন অধ্যাপকদের উপাচার্য নিয়োগ দেওয়া হবে। আগামী শিক্ষাবর্ষের আগে নতুন কারিকুলাম পুরোপুরি সংক্ষার করা সম্ভব না। কম সময়ের মধ্যে যতটুকু সংক্ষার করা যায়, এর প্রেক্ষিতে ছাপা হবে নতুন পাঠ্যবই।

গতকাল বুধবার শিক্ষা উপদেষ্টা ও যাহিদউদ্দিন মাহমুদ নিজ মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে সাংবাদিকদের সঙ্গে আলোচনায় বলেন, পরীক্ষা নেওয়ার বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান যে সিদ্ধান্ত দিয়েছেন, সেটি বহাল থাকছে। তিনি বলেন, এইচএসসির অর্ধেক পরীক্ষা হয়েছে। এই পরীক্ষাগুলো এবং এসএসসিতে প্রাণ্ত ফলাফল মিলিয়ে হয়তো রেজাল্ট তৈরি করা হতে পারে। তবে এটা আমার এককভাবে বলার কোনো বিষয় নয়। এটার জন্য এক্সপার্ট কমিটি আছে। সেই কমিটি এ বিষয়ে সিদ্ধান্ত নেবে। সব মিলিয়ে পরীক্ষার পক্ষে-বিপক্ষে যুক্তি আছে। চেয়েছিলাম

আরও বিশ্লেষণ করতে। কিন্তু আপনারা জানেন, যেসব ঘটনা ঘটেছে তা অনাকাঙ্ক্ষিক।

সচিবালয়ের ভেতরে গত মঙ্গলবার শিক্ষার্থীদের বিক্ষেপের মুখে এইচএসসি ও সমমানের স্থগিত পরীক্ষাগুলো বাতিল করেছে সরকার। একই দিন এইচএসসি ও সমমানের বাকি পরীক্ষাগুলো বাতিল ঘোষণা করে আদেশ জারি করে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

নতুন শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক সংক্ষার প্রসঙ্গে শিক্ষা উপদেষ্টা বলেন, নতুন শিক্ষাক্রমে অনেক দুর্বলতা রয়েছে। বিশেষ করে মাধ্যমিক পর্যায়ে শিক্ষাক্রম অনেক দুর্বল। তবে আমাদের হাতে সময় নেই, যতটুকু পারি পরিবর্তন করা হবে। এ ছাড়া জানুয়ারি মাস আসতে বেশি দিন সময় নেই।

এর মধ্যে সারাদেশের পাঠ্যপুস্তক তৈরি করতে হবে। এ সময়ের আগে যতটুকু সন্তুষ্ট সংস্কার করা হবে। আমরা চেষ্টা করব ভালো কাগজ, পরিচ্ছন্ন বই শিক্ষার্থীদের হাতে তুলে দিতে।

অনুষ্ঠিত পরীক্ষার নম্বর ও সাবজেক্ট ম্যাপিং হতে পারে : অনুষ্ঠিত হওয়া পরীক্ষাগুলোর নম্বর ও আগের এসএসসি, জেএসসি ও পিইসিই পরীক্ষার ফল মূল্যায়ন করে প্রকাশ করা হতে পারে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল। গতকাল দুপুরে সব শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকদের সঙ্গে সভা শেষে এ তথ্য জানান আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার। সভায় অংশ নেওয়া একাধিক বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানান, ২০২০ সালের এইচএসসি পরীক্ষার ফল সাবজেক্ট ম্যাপিংয়ের মাধ্যমে দেওয়া হয়েছিল। ২০২১ সালেও তিনটি বিষয়ের পরীক্ষা নিয়ে অন্য বিষয়গুলোর ফল সাবজেক্ট ম্যাপিং করে দেওয়া হয়েছিল। তাই আমাদের সামনে দুটো উদাহরণ রয়েছে। সে অভিজ্ঞতার আলোকে একটি প্রস্তাবনা তৈরি করতে সব পরীক্ষা নিয়ন্ত্রককে বলা হয়েছে। আমরা তা প্রস্তুত করে জমা দেব।

**পরীক্ষা বাতিল নিয়ে নানা প্রতিক্রিয়া :** পরীক্ষা বাতিলের দাবিতে যেসব শিক্ষার্থী আন্দোলন করেছিলেন তাদের যুক্তি হলো, উদ্ভৃত পরিস্থিতিতে অনিদিষ্টকালের জন্য পরীক্ষা বন্ধ থাকায় তাদের মানসিক চাপে ফেলেছে। এ ছাড়া কোটা আন্দোলনের কারণে অনেক শিক্ষার্থী মানসিক ও শারীরিকভাবে প্রস্তুত নন। অনেক সহপাঠী আহত, হাসপাতালে ভর্তি। এ অবস্থায় তারা স্থগিত পরীক্ষাগুলো আর দিতে চান না। তাই তারা ইতোমধ্যে হওয়া পরীক্ষা এবং স্থগিত বিষয়ে এসএসসির সংশ্লিষ্ট বিষয়ের সঙ্গে মিলিয়ে (ম্যাপিং) এইচএসসির ফলাফল প্রকাশের পক্ষে তারা।

তবে নটর ডেম কলেজের সাধারণ এইচএসসি পরীক্ষার্থীদের নামে দেওয়া একটি বিবৃতি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। তাতে তাদের অবস্থানটি পরীক্ষার পক্ষে। এভাবে সম্পূর্ণ পরীক্ষা বাতিলের বিষয়টি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক হাসনাত আবদুল্লাহও সমর্থন করেন না। বলে গতকাল গণমাধ্যমের কাছে প্রতিক্রিয়া দিয়েছেন।

স্থগিত পরীক্ষা বাতিল হওয়ার সিদ্ধান্তটি ভালো নজির হবে না বলে মনে করেন যশোর শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান আমিরুল আলম খান। তিনি গণমাধ্যমকে বলেন, এতে শিক্ষার্থীদেরই ভুগতে হবে। তাই কষ্ট হলেও পরীক্ষা দেওয়া উচিত ছিল। সরকারেরও পরীক্ষাটি নেওয়া দরকার ছিল।

শিক্ষার্থীদের কাছে গ্রহণযোগ্যতা রয়েছে এমন ব্যক্তি ভিসি হবে: এক প্রশ্নের উত্তরে শিক্ষা উপদেষ্টা বলেন, বর্তমানে ৪২টি বিশ্ববিদ্যালয়ে ভিসি, প্রো-ভিসি, ট্রেজারার নেই। এসব পদ ফাঁকা রেখে শিক্ষা কার্যক্রম চালু করা কঠিন। আমরা চেষ্টা করছি এগুলো দ্রুত পূরণ করার। শিক্ষার্থীদের কাছে যাদের গ্রহণযোগ্যতা থাকবে, তারা এসব পদে নিয়োগের ক্ষেত্রে প্রাধান্য পাবেন।

আরও খবর থেকে আরও পড়ুন